3 1 JUL 1997

তারিখ ... 31 JUL 1997 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭ ......

দৈনিক ইনকিলাব

## ছাত্র লীগের তাণ্ডবে কালিহাতি কলেজ বন্ধ ঘোষণা

টাঙ্গাইল থেকে জেলা সংবাদদাতার ফ্যাক্স : আদালত কর্তৃক কালিহাতি কলেজ ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে নিষেধাজ্ঞা প্রদানের পর ছাত্র লীগ কর্মীদের ভাঙচুর ও তাণ্ডব সৃষ্টির প্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ গতকাল (বুধবার) থেকে আগামী ৫ আগস্ট (মঙ্গলবার) পর্যন্ত কলেজ বন্ধ ঘোষণা করেছেন। গত মঙ্গলবার এই নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## কালিহাতী কলেজ

প্রথম পৃষ্ঠার পর

কলেজ ছাত্র সংসদের সংবিধান বহির্ভূতভাবে অছাত্রদের ভোটার করার প্রেক্ষিতে ছাত্রদলের ভিপি প্রার্থী মোঃ শাহ আলমের মামলার প্রেক্ষিতে কালিহাতির সহকারী জজ আদালত উভয়পক্ষের শুনানি শেষে গেত ২৮ জুলাই এক আদেশে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠানের ব্যাপারে নিষেধাজ্ঞা প্রদান করেন। এই নির্বাচন বাতিলের দাবীতে ছাত্রদলের কর্মসূচী চলাকালে ছাত্র লীগ কর্মীরা ২৮ জুলাই দুপুরে ছাত্রদলের মিছিলের উপর হামলা এবং থানা বিএনপি অফিস ভাঙচুর করে। বিএনপি অফিস ভাঙচুরের সময় হামলাকারীদের হাতে থানা বিএনপি'র সভাপতিসহ ৫ জন দলীয় নেতা-কর্মী আহত হন। গতকাল বুধবারও ছাত্রলীগ কর্মীরা কলেজ অধ্যক্ষের কক্ষসহ বিভিন্ন কক্ষ ভাঙচুর করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।

এদিকে কালিহাতি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এবিএম মোস্তাফিজুর রহমান গতকাল বুধবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলেছেন, কলেজ পরিচালনা পরিষদের সভার সিদ্ধান্ত মোতাবেক ২৯ জুলাই নির্বাচন অনুষ্ঠানের উদ্যোগ নেয়া হয়। তিনি নির্বাচন নিষেধাজ্ঞার ব্যাপারে আদালতের রায় মেনে নিয়ে সন্ত্রাসী কার্যকলাপ বন্ধ রাখার জন্য ছাত্র সংগঠনগুলোর প্রতি আহবান জানিয়েছেন।